

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-নারায়ণগঞ্জ
এইচ.আর.কমপ্লেক্স, ঢাকা-নারায়ণগঞ্জ লিংক রোড, পূর্ব ইসদাইর, ফতুল্লা, নারায়ণগঞ্জ।
<https://taxeszone-narayanganj.gov.bd>

নথি নং-কঅ-নারা/প্রায়োগিক-১/আঃসাঃ-৯২ /২০২৩-২০২৪/

তারিখ : ১৩-১১-২০২৩ খ্রিঃ

বিষয় : সকল গণকর্মচারীর জন্য আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক হওয়া প্রসঙ্গে।

আয়কর আইন, ২০২৩ এর মাধ্যমে সকল গণকর্মচারীর জন্য আয়কর রিটার্ন এবং পরিসম্পদ ও দায়ের বিবরণী দাখিল বাধ্যতামূলক করা হয়েছে। ফলে, ২০ তম হ্রেড থেকে শুরু করে যে কোনো হ্রেডের কর্মচারিকে এ বছর থেকে আবশ্যিকভাবে আয়কর রিটার্ন (পরিসম্পদ ও দায়ের বিবরণীসহ) দাখিল করতে হবে। আয়কর আইন, ২০২৩ এর ২৬৪ ধারা অনুযায়ী, বেতন-ভাতাদি পাওয়ার জন্য প্রত্যেক গণকর্মচারীকে রিটার্ন দাখিলের প্রমাণ দাখিল করতে হবে।

২। এ বছরের রিটার্ন দাখিলের শেষ তারিখ ৩০ নভেম্বর ২০২৩, যা কর দিবস নামে পরিচিত। বর্ণিত কর দিবসের মধ্যে কেউ রিটার্ন দাখিলে ব্যর্থ হলে তার উপর জরিমানা আরোপ ছাড়াও তার বেতন-ভাতাদি পাওয়ার ক্ষেত্রে অসুবিধায় পড়ার সম্ভাবনা থাকবে। ফলে, অনাকাঙ্ক্ষিত ঝামেলা এড়ানোর স্বার্থে কর দিবসের মধ্যে রিটার্ন দাখিল করা সমীচীন হবে।


৩। কর অঞ্চল-নারায়ণগঞ্জ এর সম্মানিত করদাতাগণ যাতে সহজে ও নির্বিঘ্নে আয়কর রিটার্ন দাখিল করতে পারেন তার জন্য এ কর অঞ্চলে মোট ৪টি কর তথ্য-সেবা কেন্দ্র চালু করা হয়েছে, যা নভেম্বর মাস জুড়ে চালু থাকবে। কর তথ্য-সেবা কেন্দ্রসমূহে আয়কর রিটার্ন গ্রহণ এবং রিটার্ন পূরণ বিষয়ক প্রয়োজনীয় তথ্য-সেবা প্রদান করা হয়।

নারায়ণগঞ্জ কর অঞ্চল প্রধান কার্যালয় এইচ.আর.কমপ্লেক্স (লেভেল-৩) ঢাকা-নারায়ণগঞ্জ লিংক রোড, পূর্ব ইসদাইর, ফতুল্লা, নারায়ণগঞ্জ	মুন্সিগঞ্জ কর তথ্য-সেবা কেন্দ্র, মৃধা টাওয়ার, দেওভোগ, মুন্সিগঞ্জ সদর, মুন্সিগঞ্জ।	রূপগঞ্জ-আড়াইহাজার কর তথ্য- সেবা কেন্দ্র, শাহীন ভবন, মুর্তাজাবাদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।	সোনারগাঁও কর তথ্য-সেবা কেন্দ্র, থানা-পুকুর, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
---	--	--	---

৪। সংশ্লিষ্ট কর সার্কেলগুলোতে রিটার্ন দাখিলের সুযোগ তো থাকছেই।

৫। এছাড়া, যে কোনো করদাতা জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর বিভাগের eReturn (ই-রিটার্ন) সিস্টেম ব্যবহার করে অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করতে পারেন। eReturn (ই-রিটার্ন) সিস্টেম খুব সহজ ও ব্যবহারী-বান্ধব; এর মাধ্যমে ঘরে বসেই 24x7 যে কোনো সময় আয়কর রিটার্ন দাখিল করা যায়। ই-রিটার্ন সিস্টেমের লিংক: <https://etaxnbr.gov.bd>

৬। আপনার দপ্তরের সকল গণকর্মচারি যাতে সময়মতো আয়কর রিটার্ন (পরিসম্পদ ও দায়ের বিবরণীসহ) দাখিল করেন তা নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো। জাতীয় রাজস্ব আহরণে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।


২৬/১১/২০২৩
(শারমিন ফেরদৌসী)
কর কমিশনার
ফোন : ৭৬৪৬৮৪৭।